তারিখ 30 MAY 1990
পৃষ্ঠা ৮ কলাম ৩

73

# তিন বছর ধরেই কুমিল্লা বোর্ডের প্রশ্ন ফাঁস হচ্ছে

কুমিল্লা, ২০ শে মে (নিজস্ব সংবাদদাতা)।— এ বছর নিয়ে পর পর ৩ বছর কুমিল্লা শিক্ষা বোর্ডের প্রশ্নপত্র ফাঁস হলো।

১৯৮৮ সালের এইচ এস সি পরীক্ষার অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয় নিমসার কলেজ কেন্দ্রে। এখানে প্রথম পত্রের পরীক্ষার দিনে দ্বিতীয় পত্রের প্রশ্ন বিতরণ করা হয়। একইভাবে ভুল প্রশ্নপত্র বিতরণের কারণে ১৯৮৯ সালে প্রশ্নপত্র ফাঁস হয় বিজ্ঞান পরীক্ষার। এই ঘটনা ঘটে ফেনী পাইলট হাই স্কুল কেন্দ্রে। সর্বশেষ প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটে এ বছর। এ চলতি এস এস সি পরীক্ষার সাধারণ বিজ্ঞান বিষয়ের। এই ফাঁসের ঘটনা ঘটে নোয়াখালী ও সেনবাগে। এ দিকে, ভুয়া প্রশ্নপত্রের ব্যবসা ফেঁদে কিছু ব্যক্তি বেশ অর্থ কামিয়ে নিচ্ছেন। কোন বিষয়ে পরীক্ষা অনুষ্ঠানের আগের দিন রাতে হাতেলেখা ফটোস্ট্যাট প্রশ্নপত্র বিক্রি হয় ১শ' থেকে ২শ' টাকায়। পরীক্ষার দিন দেখা যায় এইসব প্রশ্নের সাথে বোর্ডের ১/২টি প্রশ্ন ছাড়া আর কোন প্রশ্নের মিল নেই।

## কয়েকটি অনিয়ম

উপজেলা সদর দফতরের বাইরে অবস্থিত স্কুলগুলোতে কেন্দ্র স্থাপন এবং এক উপজেলার ছাত্র অন্য উপজেলায় পরীক্ষা দেয়ার বিধান না থাকলেও এবারের এস. এস সি পরীক্ষায় এর ব্যতিক্রম ঘটেছে।

কুমিল্লা সদর উপজেলায় অবস্থিত রসুলপুর হাই স্কুলের ৬৬ জন ছাত্রকে বোর্ড বুড়িচং কেন্দ্রে পরীক্ষা দেয়ার ব্যবস্থা করেছে। রাউজান উপজেলা সদর দফতর থেকে ১২ কিলোমিটার দূরে ইমাম গাজ্জালী কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলিজিয়েট স্কুলে কেন্দ্র স্থাপন করা হয়েছে। যদিও উপজেলা সদরের ২ কিলোমিটারের মধ্যে কেন্দ্র স্থাপন উপযোগী স্কুল ছিল।